অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সরকারি চাকরিজীবীদের শিক্ষার্থী ঋণ ক্ষমা পাওয়া সুযোগ বৃদ্ধি করে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা (S.8389-C/A.9523-B) মুখ্য সংজ্ঞা ব্যাখ্যা করে ফেডারেল সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচি পাওয়ার সুযোগের প্রতিবন্ধকতা অপসারণ করে, চাকরিদাতাদের চাকরির প্রত্যয়ন করতে দেয়

যোগ্য নিউ ইয়র্কবাসীদের ফেডারেল সীমিত-সময়ের সরকারি চাকরি ঋণ ক্ষমা মওকুফ পাওয়ার সুযোগের সুবিধা নিতে সাহায্য করার জন্য স্টেটব্যাপী আউটরিচ প্রচেষ্টার ঘোষণা করে

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করলেন যা স্টেটব্যাপী সরকারি চাকরি ঋণ ক্ষমা (Public Service Loan Forgiveness, PSLF) কর্মসূচির সুযোগ পাওয়া সম্প্রসারিত ও সরলীকৃত করে। নতুন বিধিমালাটি PSLF সুযোগ পাওয়ার জন্য পূর্ণকালীন চাকরি বলতে কী বোঝায় তা নিয়ে অভিন্নতা প্রতিষ্ঠা করে এবং সরকারি চাকরিদাতাদের কর্মীদের পক্ষে চাকরির প্রত্যয়ন প্রদান করতে দেয় যার ফলে PSLF এর আবেদন করা ও সুযোগ পাওয়ার একটি উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা অপসারিত হয়।

"আপনি যদি নিউ ইয়র্কের মানুষের জন্য কাজ করে আপনার দিন কাটান, তাহলে আপনাকে কীভাবে আমাদের অর্থ পরিশোধ করতে হবে সেই দুশ্চিন্তায় রাত কাটাতে হওয়া উচিত না। এই বিধিমালাটি আমাদের সরকারি চাকরিজীবী, প্রথম সাড়াদানকারী, শিক্ষক এবং আরো অনেকের অবদান স্বীকার করে, নিউ ইয়র্কের কর্মীবাহিনীর অগণিত সদস্যের জন্য ফেডারেল ঋণ ক্ষমার তালা খুলতে সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "মহামারীর সময় আমাদের পথ দেখিয়েছে এমন কর্মী থেকে শুরু করে নিউ ইয়র্কবাসীকে সচল রাখে এমন প্রতিদিনের নায়ক পর্যন্ত, সরকারি খাত ও অলাভজনক সংগঠনের কর্মীদের সর্বোচ্চ সুবিধা প্রাপ্য, মাথাব্যথা, বিলম্ব বা দ্বিধা ছাড়াই। আমি এই বিধিমালায় স্বাক্ষর করতে পেরে গর্বিত যা নিশ্চিত করে যাতে সরকারি চাকরিজীবীদের কাছে এটি স্পষ্ট হয় এবং ফেডারেল ঋণ ক্ষমা পাওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন থাকে, এবং আমি এই বিলের ব্যাপারে আইনসভায় আমার অংশীদারদের সুবিবেচনার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

PSLF একটি ফেডারেল কর্মসূচি যা সরকারি চাকরিজীবীদের পুরস্কার ও প্রণোদনা প্রদান করে ঋণগ্রহীতাদের ফেডারেল শিক্ষার্থী ঋণের একাংশ বাতিল করে দেওয়ার মাধ্যমে। কর্মসূচিটি ঋণগ্রহীতাদের একটি যোগ্য সরকারি চাকরিদাতার অধীনে পূর্ণকালীন চাকরিজীবী হওয়া এবং তাদের শিক্ষার্থী ঋণের 120টি পেমেন্ট করা আবশ্যক করে, যার পর তাদের বাকি ফেডারেল শিক্ষার্থী ঋণ ক্ষমা করে দেওয়া হয়। এই কর্মসূচির অধীনে ক্ষমা করা কোনও শিক্ষার্থী ঋণ নিউ ইয়র্ক স্টেটের কর আইনের আওতায় আসবে না।

বর্তমানে, নিউ ইয়র্কে আনুমানিক 2.7 মিলিয়ন মানুষ সরকারি বা অলাভজনক খাতে কাজ করছে। 2007 সাল থেকে, রূপান্তরকারী PSLF কর্মসূচি যোগ্য সরকারি চাকরিজীবীদের গড়ে 61,402 মার্কিন ডলার ঋণ ত্রাণ দিয়ে সাহায্য করেছে, সরকারি চাকরিজীবীদের মর্টগেজ, গাড়ির জন্য মাসিক পেমেন্ট, মুদি ও গ্যাসের মতো মৌলিক চাহিদা মেটানোর সুযোগ প্রদান করেছে।

বিধিমালা (S.8389-C/A.9523-B) PSLF পাওয়ার সুযোগের একাধিক যথাযথভাবে নথিকৃৎ প্রতিবন্ধকতার সমাধান করে, এর দ্বারা:

- মুখ্য কিছু শব্দের আইনি সংজ্ঞার ব্যাখ্যা প্রদান জেম, "প্রত্যায়িত চাকরি", "কর্মচারী", "পূর্ণকালীন", "সরকারি চাকরিজীবী", "সরকারি চাকরি ঋণ ক্ষমা ফর্ম", এবং "সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচি;"
- পূর্ণকালীন চাকরির আদর্শ ঘণ্টাপ্রতি সীমা সপ্তাহে ত্রিশ (30) ঘণ্টা নির্ধারণ করা, PSLF পাওয়ার জন্য এবং ফ্যাকাল্টি ও শিক্ষকদের জন্য স্ট্যান্ডার্ডাইজড প্রস্তুতির সময়কে এর মধ্যে অন্তর্ভুক্ত করার ব্যাখ্যা প্রদান; এবং
- সরকারি চাকরিদাতাদেরকে ব্যক্তি বা চাকরিজীবীদের দলের পক্ষে মার্কিন শিক্ষা ডিপার্টমেন্টের (U.S. Department of Education) কাছে সরাসরি চাকরির প্রত্যয়ন প্রদান করতে দেওয়া।

6 অক্টোবর, 2021 তারিখে, শিক্ষা ডিপার্টমেন্ট ঘোষণা করে যে যোগ্য ঋণগ্রহীতাদের জন্য তাদের ফেডারেল ঋণ ক্ষমা করে দেওয়ার কাজ সহজ করতে PSLF কর্মসূচিতে পরিবর্তন আনা হবে ("PSLF মওকুফ (PSLF Waiver)")। PSLF মওকুফ ঋণগ্রহীতাদের সকল ফেডারেল ঋণ কর্মসূচিতে করা পেমেন্ট বা রিপেমেন্ট পরিকল্পনাকে ক্ষমার ক্ষেত্রে হিসাব করতে দেয়, যার মধ্যে রয়েছে এমন ঋণের ধরণ এবং পেমেন্ট পরিকল্পনা যা পূর্বে যোগ্য ছিলো না। সরকারে বা অলাভজনক সংগঠনে সরকারি চাকরি করতে থাকা নিউ ইয়র্কবাসীদের যাদের আউটস্ট্যান্ডিং শিক্ষার্থী ঋণ রয়েছে তারা PSLF মওকুফের আওতায় যোগ্য হতে পারে, তাদেরকে পূর্বে প্রত্যাখ্যান করা হয়ে থাকলেও। ঋণগ্রহীতাদের কাছে PSLF মওকুফের সুযোগ নেওয়ার জন্য 31 অক্টোবর, 2022 তারিখ পর্যন্ত সময় রয়েছে।

স্টেটের সিনেটর কেভিন টমাস বলেন, "আমি আমার বিল স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি যা যোগ্য নিউ ইয়র্কবাসীদের ফেডারেল সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচির জন্য আবেদন করতে প্রণোদনা প্রদান করে। আমরা ব্যুরোক্রেটিক প্রতিবন্ধকতা অপসারণ করে যারা নিঃস্বার্থভাবে সরকারি চাকরিকে ক্যারিয়ার হিসেবে বেছে নিয়েছে তাদের

জন্য অক্টোবরে শেষ হতে যাওয়া সীমিত PSLF মওকুফের জন্য আবেদন করার কাজ সহজ করে দিয়েছি। আমি এই বিধিমালার পক্ষে কাজ করতে পেরে গর্বিত যা আমাদের শিক্ষক, ভেটেরান, প্রথম সাড়াদানকারী এবং অন্যান্য সরকারি চাকরিজীবীদের জন্য শিক্ষার্থী ঋণ ত্রাণ পাওয়া আরো সহজ করবে। আমি যোগ্য ঋণগ্রহীতাদের তাগিদ দিচ্ছি এই কর্মসূচির সুযোগ নিয়ে তাদের অর্জন করা ঋণের ক্ষমা নিশ্চিত করার জন্য।"

অ্যাসেম্বলি সদস্য হার্ভি এপস্টিন বলেন, "নিউ ইয়র্কে শিক্ষার্থী ঋণসহ অর্ধ মিলিয়নের বেশি সরকারি চাকরিজীবী রয়েছে। সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচির মাধ্যমে মাত্র 10,000 জন তাদের ঋণ বাতিল করেছে, আমরা এই সংখ্যাকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে কাজ করছি। 31 অক্টোবর, 2022 তারিখ পর্যন্ত একটি সীমিত মওকুফ কার্যকর থাকবে যা ঋণগ্রহীতাদের পূর্বের রিপেমেন্ট সময়কালের জন্য ক্রেডিট পেতে দেয় যা অন্যথায় PSLF-র জন্য যোগ্য হবে না। বিধিমালাটি এই মওকুফ, এবং সাধারণ PSLF থেকে নিউ ইয়র্কবাসীর সুবিধা পাওয়া সর্বোচ্চ করে। শ্রেণীর বাইরের কাজ করা ঘণ্টাগুলির আরো ভালো প্রতিফলন করার জন্য শিক্ষকদের শ্রেণীকক্ষের কর্মঘণ্টায় একটি গুণিতক প্রয়োগ করা থেকে শুরু করে, এজেন্সিগুলি যাতে চাকরিজীবীদের পক্ষে ফেডারেল সরকারকে কাগজপত্র প্রেরণ করতে পারে তা নিশ্চিত করা পর্যন্ত, আমাদের বিধিমালাটি আরো নিউ ইয়র্কবাসীকে তাদের ঋণ দ্রুত ক্ষমা করাতে সাহায্য করবে। আমি শিক্ষার্থী ঋণগ্রহীতাদের নিয়ে আমাদের কাজ অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলের সাথে আমাদের চলমান অংশীদারিত্ব নিয়ে উন্মুখ এবং আমি সিনেটর টমাস, শিক্ষার্থী ঋণগ্রহীতা সুরক্ষা কেন্দ্র (Student Borrower Protection Center) এবং শ্রমিক নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাতে চাই এটি করার জন্য তাদের দৃঢ় সংকল্প ও প্রচেষ্টার জন্য।"

এছাড়াও গভর্নর হোকল একটি স্টেটব্যাপী প্রচেষ্টা ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কবাসীকে PSLF মওকুফ সম্পর্কে জানাবে এবং যোগ্য কর্মীদের PSLF মওকুফ সময়কাল শেষ হওয়ার পূর্বেই ঋণ ক্ষমার জন্য আবেদন করতে উৎসাহিত করবে। আর্থিক পরিষেবা ডিপার্টমেন্ট (Department of Financial Services, DFS) সংগঠনসমূহের থেকে অঙ্গীকার নিশ্চিত করেছে যারা 8,500-র বেশি সরকারি ও অলাভজনক চাকরিজীবীদের প্রতিনিধিত্ব করে, যাতে তারা আগামী সপ্তাহগুলিতে তাদের কর্মীবাহিনীর মধ্যে তথ্য বিতরণ করতে পারে এবং তাদেরকে মওকুফের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই PSLF কর্মসূচিতে আবেদন করতে সহায়তা করতে পারে। এই আউটরিচ প্রতিজ্ঞায় যেসব গ্রুপ যোগ দিচ্ছে তার মধ্যে আছে ইউনাটেড ফেডারেশন অফ টিচার্স (United Federation of Teachers), হিউমেন সার্ভিস কাউন্সিল (Human Services Council), ননপ্রফিট নিউ ইয়র্ক (Nonprofit New York), নিউ ইয়র্ক কাউন্সিল অফ ননপ্রফিটস (New York Council of Nonprofits), নিউ ইয়র্ক কনফারেন্স অফ মেয়র্স (New York Conference of Mayors), এবং NYS অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজ (NYS Association of Counties)। DFS এছাড়াও আগামী সপ্তাহগুলিতে স্টেটব্যাপী PSLF কর্মশালা প্রদান করবে। এইসব প্রচেষ্টা শিক্ষার্থী ঋণগ্রহীতাদের সমর্থনে নিউ ইয়র্কের অঙ্গীকারের অনুবর্তী।

আগস্ট মাসে, DFS-র শিক্ষার্থী ঋণ সেবার পরীক্ষা দ্বারা সনাক্ত করা ট্রেন্ডের ভিত্তিতে, ডিপার্টমেন্ট নির্দেশনা জারি করে যা ঋণগ্রহীতাদের PSLF-র ব্যাপারে জানিয়ে এবং সেরা অনুশীলনের

ব্যাপারে জানানোর রূপরেখা প্রদান করে। নিউ ইয়র্কবাসীরা আরো জানার জন্য dfs.ny.gov ভিজিট করতে পারে।

ফেডারেল স্টুডেন্ট এইডের (Federal Student Aid) প্রধান রিচার্ড কর্ডরে বলেন, "সরকারি চাকরিজীবীরা পুরো এম্পায়ার স্টেটের সম্প্রদায়সমূহে অর্থপূর্ণ পার্থক্য সৃষ্টি করছে। গভর্নর হোকলের আজকের পদক্ষেপ নিউ ইয়র্কের সরকারি চাকরিজীবীদের তাদের প্রাপ্য শিক্ষার্থী ঋণ ত্রাণ পেতে সাহায্য করবে।"

আর্থিক পরিষেবা ডিপার্টমেন্টের সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "আর্থিক পরিষেবা ডিপার্টমেন্ট পুরো স্টেটের ঋণগ্রহীতা ও পরিবারসমূহকে সুরক্ষা দিতে ও তাদের ক্ষমতায়নে প্রতিশ্রুতিবদ্ধ আছে। আমাদের কর্মচারীরা নিউ ইয়র্কবাসীদেরকে প্রশ্নের উত্তর দিয়ে এবং PSLF কর্মসূচিসহ শিক্ষার্থী ঋণের ব্যাপারে অভিযোগ সমাধানে সাহায্য করার জন্য প্রস্তুত আছে।"

সিনেটর চাক শুমার বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে শিক্ষার্থী ঋণ তরুণদের এবং তাদের পরিবারের জন্য একটি নোঙ্গর হয়ে আছে জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে তাদের ভারযুক্ত করে রেখেছে। সেইজন্য আমি বছরের পর বছর অবিরাম লড়াই করেছি যাতে মিলিয়ন মিলিয়ন আমেরিকানকে তাদের সম্পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করতে এবং আমাদের অর্থনীতিকে বিকাশমান রাখতে তাদের যে ত্রাণ প্রয়োজন তা প্রদান করার জন্য রাষ্ট্রপতি বাইডেনকে রাজি করাতে পারি। এই পদক্ষেপের ইতিবাচক প্রভাব পুরো নিউ ইয়র্ক এবং দেশে দেখা যাবে, বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়সমূহে, যেখানে এম্পায়ার স্টেটের কর্মজীবী পরিবারগুলির ওয়ালেটে কমপক্ষে 16 বিলিয়ন মার্কিন ডলার ফেরত দেওয়া যাবে। গভর্নর হোকলের আজকের সাহসী পদক্ষেপ এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে সকল যোগ্য নিউ ইয়র্কবাসী এই অতি গুরুত্বপূর্ণ ফেডারেল ত্রাণ পেতে পারে এবং এই নোঙ্গর অপসারণ করতে সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচিসমূহের সুবিধা গ্রহণ করতে পারে, এটি মধ্যবিত্তকে পুনর্গঠনে সাহায্যে করবে এবং মানুষকে তাদের প্রাপ্য ঋণমুক্ত ভবিষ্যৎ প্রদান করবে।"

প্রতিনিধি এড্রিয়ানো এস্পিয়াত বলেন, "শিক্ষক, দমকল এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আমাদের দৈনিক জীবনের জন্য অতি গুরুত্বপূর্ণ অত্যাবশ্যকীয় সেবা প্রদান করে। আমরা সরকারি চাকরিজীবীদের জন্য শিক্ষার্থী ঋণ নিশ্চিত করার জন্য দুর্দান্ত অগ্রগতি করেছি, এবং আমি আজকের ঘোষণার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি যা ফেডারেল সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচি পাওয়ার সুযোগের প্রতিবন্ধকতা অপসারণ করতে এবং স্টেটের কর থেকে তা বাতিল করতে আমাদের প্রসেসটাকে জোরদার করবে। এই বিধিমালাটি সরকারি চাকরিজীবীদের ঋণের বোঝা কম করবে এবং এটি সরকারি চাকরির নারী পুরুষদের কাছে আমাদের যে সামগ্রিক ঋণ রয়েছে তা পরিশোধে অনেক সাহায্য করবে।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "শিক্ষার্থী ঋণ একটি জাতীয় সঙ্কট, এবং আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল এখন শিক্ষার্থী ঋণের ভারযুক্ত ব্যক্তিদের ত্রাণ প্রদানে সাহায্য করার জন্য আইন বিধিমালায় স্বাক্ষর করেছেন। নিউ ইয়র্ক আইনসভা সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচিকে সরলতর করতে সাহায্য করবে, এবং এর দ্বারা যোগ্য সরকারি চাকরিজীবীদের জন্য প্রতিবন্ধকতা

দূর করবে। সরকারি চাকরি খাতজুড়ে নিউ ইয়র্কবাসীরা এর সুবিধা পাবে, যাদের মধ্যে একটি বড় অংশ শিক্ষক, যা নিয়োগ ও ধরে রাখা উভয়ের জন্য অতি গুরুত্বপূর্ণ। শিক্ষার্থী ঋণমুক্ত হওয়ার একটি নিশ্চিত পথ প্রদর্শন করা আমাদের সরকারি চাকরিজীবীদের সমর্থন করার জন্য অতি গুরুত্বপূর্ণ, যারা প্রায়শই বাড়ি কেনা বা পরিবার শুরু করার মতো গুরুত্বপূর্ণ জীবনের সিদ্ধান্ত নিতে পারে না। বিধিমালাটি সঠিক দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

প্রফেশনাল স্টাফ কংগ্রেসের প্রেসিডেন্ট জেমস ডেভিস বলেন, "গভর্নর হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, সিনেটর কেভিন টমাস, অ্যাসেম্বলি সদস্য হার্ভি এপস্টিন এবং সকল বিধায়ককে ধন্যবাদ, উচ্চ শিক্ষিত কর্মিবাহিনীতে অ্যাডজাঙ্কট ফ্যাকাল্টি কী অবদান রাখতে তা উপলব্ধি করার জন্য এবং সরকারি চাকরি ঋণ ক্ষমা কর্মসূচিতে উচ্চ শিক্ষার কর্মচারীদের অগ্রাধিকার প্রদানের জন্য। আমাদের অধিকাংশ শ্রেণীর কাজ করা অ্যাডজাঙ্কটদের কাজ প্রায়ই আমাদের দুই স্তরের একাডেমিক শ্রম ব্যবস্থায় অগ্রাহ্য করা হয়ে থাকে। বহু অ্যাডজাঙ্কট পূর্ণকালীন কাজের সমতুল কাজ করে থাকে কিন্তু শুধু তাদের শ্রেণীকক্ষের কর্মঘণ্টা হিসাব করার ফলে তাদের অগ্রাহ্য করা হয়। এই বিধিমালাটি তা পরিবর্তন করে এবং এটি বহু নিউ ইয়র্কবাসীকে তাদের সেরা জীবনটি বাঁচতে দেয় না যেই শিক্ষার্থী ঋণ সঙ্কট, তা ঠিক করার দিকে একটি বড় পদক্ষেপ।"

ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনসের (United University Professions, UUP) প্রেসিডেন্ট ডাঃ ফ্রেড কোয়াল বলেন, "আমরা কৃতজ্ঞ এবং অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল এই গুরুত্বপূর্ণ বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করবেন, যা শিক্ষার্থী ঋণ নিয়ে সংগ্রাম করতে থাকা হাজার হাজার স্টেটের সরকারি চাকরিজীবীদের কিছু বা সম্পূর্ণ ঋণ ফেডারেল সরকার চাকরি ঋণ ক্ষমা কর্মসূচির মাধ্যমে ক্ষমা করে দিবে। বিলটির স্পন্সর সিনেটর কেভিন টমাস এবং অ্যাসেম্বলি সদস্য হার্ভি এপস্টিনকেও ধন্যবাদ। UUP অধিবেশন চলাকালীন সময়ে এই বিলের একটি শীর্ষ প্রস্তাবক ছিলো কারণ এটি PSLF যোগ্যতা সম্প্রসারিত করে, পূর্বে কর্মসূচি থেকে বাদ পড়া বহু নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) অ্যাডজাঙ্কটকে যোগ্যতার আওতায় নিয়ে আসে। প্রায় 40 শতাংশ UUP সদস্য অ্যাডজাঙ্কট। ধন্যবাদ গভর্নর, SUNY-র প্রতি আপনার দৃঢ় সমর্থনের জন্য। এটি আমাদের সদস্যদের জন্য এবং একইসাথে পুরো স্টেটের সরকারি চাকরিজীবীদের জন্য একটি বড় বিজয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418